গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
সুবর্ণজয়ন্তী সেল
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৮৫ তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মসূচী আয়োজন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: (ক) এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৩, তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২২।
(খ) এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৮৩, তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে দেশের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে কার্যক্রম নির্ধারন করে কর্মসূচী গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। এ প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম মোজাম্মেল হক, এমপি গত ২০/০২/২০২২ খ্রি. তারিখ জুম প্ল্যাটফর্মে দেশের সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগনের সাথে মত বিনিময় করেন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মসূচী অধিকতর সুচারুরূপে বাস্তবায়নের জন্য উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে।

০২। ক. দেশের প্রতিটি ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশনে নিম্নে বর্ণিত সূচী অনুযায়ী মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে:

| | |
|---|---|
| (ক) ইউনিয়ন পরিষদ সদস্য/ পৌর কাউন্সিলর/ওয়ার্ড কমিশনারের নেতৃত্বে দেশের সকল ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে অনুষ্ঠান | ০১ মার্চ, ২০২২ খ্রিঃ |
| (খ) দেশের সকল উপজেলা পরিষদে অনুষ্ঠান | ০২ মার্চ, ২০২২ খ্রিঃ |
| (গ) দেশের সকল ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে অনুষ্ঠান | ০৩ মার্চ, ২০২২ খ্রিঃ |
| (ঘ) দেশের সকল জেলা পরিষদে অনুষ্ঠান | ০৫ মার্চ, ২০২২ খ্রিঃ |
| (ঙ) দেশের সকল সিটি কর্পোরেশনে অনুষ্ঠান | ০৫ মার্চ, ২০২২ খ্রিঃ |

খ. আবশ্যিকভাবে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণী-পেশার মানুষকে অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত করতে হবে।

গ. নির্ধারিত তারিখে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা, **“মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান”** সম্পর্কে আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

ঘ. অনুষ্ঠানে বর্তমান সরকারের সাফল্য এবং উন্নয়নের তথ্যচিত্র তুলে ধরে ব্যাপক প্রচার করতে হবে।

ঙ. উপজেলা পরিষদে, ইউনিয়ন এবং ইউনিয়ন সংশ্লিষ্ট ওয়ার্ড পর্যায়ের অনুষ্ঠান বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি
(খ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা)- সদস্য
(গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি)- সদস্য
(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
(ঙ) উপজেলা শিক্ষা অফিসার – সদস্য
(চ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) – সদস্য
(ছ) উপজেলা প্রকৌশলী – সদস্য সচিব
(জ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপদেষ্টা হিসেবে থাকবেন।

কমিটির কার্যপরিধিঃ

(ক) উপজেলা পরিষদ, ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ের জন্য নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;

(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

চ. পৌরসভা ও পৌরসভা সংশ্লিষ্ট ওয়ার্ডে অনুষ্ঠান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পৌর মেয়রের সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) পৌর মেয়র – সভাপতি
(খ) সংশ্লিষ্ট উপজেলার মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য
(গ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য
(ঘ) সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার – সদস্য
(ঙ) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
(চ) নির্বাহী/সহকারী প্রকৌশলী – সদস্য
(ছ) সচিব সংশ্লিষ্ট পৌরসভা- সদস্য সচিব

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) পৌরসভা এবং এর অন্তর্গত পৌর ওয়ার্ড পর্যায়ে নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;
(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

ছ. এছাড়া জেলা পরিষদে অনুরুপ কর্মসূচি গ্রহনের জন্য সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা – সভাপতি
(খ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য
(গ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য
(ঘ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার – সদস্য
(ঙ) জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত জেলা পরিষদের একজন সদস্য– সদস্য
(চ) জেলা কালচারাল অফিসার – সদস্য
(ছ) সচিব, জেলা পরিষদ- সদস্য সচিব
(জ) চেয়ারম্যান, জেলা পরিষদ উপদেষ্টা হিসেবে থাকবেন।

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) জেলা পরিষদে নির্ধারিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;
(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

জ. জেলার স্থানীয় সরকার পর্যায়ের সকল কর্মসূচি সমন্বয়ের জন্য জেলা প্রশাসকের সভাপতিত্বে নিম্নে বর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) জেলা প্রশাসক ও জেলা কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ – সভাপতি
(খ) চেয়ারম্যান, জেলা পরিষদ/তাঁর উপযুক্ত প্রতিনিধি- সদস্য
(গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)- সদস্য
(ঘ) পৌর মেয়র (সকল)- সদস্য
(ঙ) জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা) – সদস্য
(চ) জেলা প্রশাসক এর প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) – সদস্য
(ছ) জেলা শিক্ষা অফিসার – সদস্য
(জ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার – সদস্য
(ঝ) জেলা কালচারাল অফিসার- সদস্য
(ঞ) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা- সদস্য
(ট) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) – সদস্য সচিব
(ঠ) সংসদ সদস্যগণ উপদেষ্টা হিসেবে থাকবেন।

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

(ক) জেলার স্থানীয় সরকার পর্যায়ের কর্মসূচি সমন্বয় ও বাস্তবায়ন নিশ্চিত করা।
(খ) কর্মসূচি তত্ত্বাবধান করা।
(গ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

ঝ. কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

ঞ. অনুষ্ঠান সমাপনান্তে জেলা প্রশাসকগণ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়িত কর্মসূচির ওপর একটি প্রতিবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

০৩। এ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত এ মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৩ নং স্মারক এবং ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৮৩ নং স্মারকের পত্র দুটি বাতিল করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

২৪-২-২০২২
মোঃ আশরাফুল আলম খান
উপসচিব
ফোন: ০১৭৫২৫৬৩৪৩০

বিতরণ :
১) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)।
২) জেলা প্রশাসক (সকল)।
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৮৫/১(৩০)

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) মাননীয় মেয়র (সকল সিটি কর্পোরেশন)।
২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নের জন্য মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রনাধীন সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।
৫) বিভাগীয় কমিশনার (সকল)।
৬) চেয়ারম্যান , জেলা পরিষদ (সকল)।
৭) চেয়ারম্যান , উপজেলা পরিষদ (সকল)।
৮) মেয়র, পৌরসভা (সকল)।
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)
১০) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২৪-২-২০২২

মোঃ আশরাফুল আলম খান
উপসচিব